প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।
Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)
EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি
বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-3 ● Issue- 24 ● Bardhaman ● 30 May 2026 ● Rs. 2.00 ( Four Pages )

## এক নজরে

● আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে রাজ্যের বিভিন্ন জায়গায় অনেক স্কুল শিক্ষক প্রাইভেট পড়াচ্ছেন বলে অভিযোগ।স্কুল শিক্ষকদের প্রাইভেট পড়ানো বন্ধ করতে কড়া পদক্ষেপ গ্রহণ করুক প্রশাসন।

● থানায় থানায় ডাকমাস্টারদের চক্র ভাঙতে এবার উদ্যোগী হল প্রশাসন।কোন্ থানায় কোন্ সিভিক ভলেন্টিয়ার ডাকমাস্টারের কাজে জড়িত তা জানতে চলছে খোঁজ খবর।

● বেআইনি নির্মাণ ভাঙতে রাজ্যের বিভিন্ন জায়গায় চলছে বুলডোজার।পুকুর বুজিয়ে কিংবা পিডব্লুডি'র জায়গায় বেআইনি নির্মাণ ভাঙতে ধনেখালিতেও চলবে বুলডোজার,চলছে গুঞ্জন।

● "রেল কারোর বাপের সম্পত্তি নয়।তৃণমূলকে ঘৃণ্যা করে তোমাদের সরকারে এনেছে,তোমাদেরকে পিরিত করে আনেনি।সাবধানে থেকো, ঔদ্ধত্য দেখিও না।সরকারের জন্য মানুষ নয়,মানুষের জন্য সরকার", পুনর্বাসন ছাড়া হকার উচ্ছেদের বিরুদ্ধে সিটুর ডাকে ব্যান্ডেলের বিক্ষোভ সমাবেশ থেকে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে নিশানা করে তীব্র আক্রমণ করলেন সিপিএমের যুব নেত্রী মীনাক্ষী মুখার্জী।

● ২০২১ বিধানসভা নির্বাচনের পর ঘরছাড়া বিজেপি কর্মীদের ঘরে ফেরানোর জন্য তৃণমূল নেতারা জরিমানা বাবদ ঘরছাড়া বিজেপি কর্মীদের কাছ থেকে হাজার হাজার টাকা নিয়েছিল বলে অভিযোগ।২০২৬ এ পালাবদলের পর ক্ষমতা চলে যেতেই এখন ভুল স্বীকার করে ফেরত দিচ্ছে জরিমানার টাকা,চাইছে ক্ষমা।বীরভূমের পাড়ুই এলাকার ঘটনা।

● তৃণমূলের আমলে ফুলেফেঁপে উঠেছে বেশ কিছু কুচো নেতা।প্রাসাদোপম বাড়ি।আগে যাদের বিড়ি কিনে খাবার পয়সা ছিল না তারাই এখন সিগারেটে টান দিচ্ছে।বুঝুন তাহলে,উন্নয়ন টা কেমন হয়েছে !

● আবারও বাড়ল পেট্রোল ডিজেলের দাম। এই নিয়ে ১১ দিনের মধ্যে পরপর চারবার বাড়ল পেট্রোল ডিজেলের দাম।বাড়ছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম। নাভিশ্বাস উঠছে জনগণের।

● চোলাই মদ,লোটো,ভুয়ো লটারি বন্ধ করার প্রতিশ্রুতি দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● ইয়েস স্যার বা ইয়েস ম্যাম নয়, স্কুলে রোল কলের সময় জয় শ্রী রাম বলতে হবে পড়ুয়াদের,দাবি করলেন কর্ণাটকের বিজেপি বিধায়ক জনার্দন রেড্ডি।

(এরপর চারের পাতায়)

## ধনেখালিতে অবৈধ নির্মাণের অভিযোগ

নিজস্ব প্রতিবেদন - হুগলি জেলার ধনেখালি ব্লকের দশঘরা পূর্বপাড়ায় ১৭ নং রাস্তার পাশেই পুকুরের একাংশ বুজিয়ে পিডব্লুডি'র জায়গায় বেআইনিভাবে নির্মাণ কাজ করার অভিযোগ।কোনো হেলদোল নেই পিডব্লুডি কর্তৃপক্ষের। নির্বিকার প্রশাসন।প্রসঙ্গত উল্লেখ্য,গত বছর মে মাসে পুকুরের পাড় বাঁধানোর নাম করে



(এরপর দুয়ের পাতায়)

## মোটরসাইকেল চুরি চক্রের পর্দা ফাঁস করল ধনেখালি থানার পুলিশ,গ্রেফতার ৪

নিজস্ব প্রতিবেদন - মোটরসাইকেল চুরি চক্রের পর্দা ফাঁস করল হুগলির ধনেখালি থানার পুলিশ।কেশবপুর কালীপুজো মেলায় গিয়ে মোটরসাইকেল চুরির অভিযোগের তদন্তে নেমে পুলিশ চারজনকে গ্রেফতার করেছে।পাশাপাশি উদ্ধার হয়েছে ৯টি মোটরসাইকেল, বিপুল মোটরসাইকেলের যন্ত্রাংশ এবং চুরি হওয়া বাইক কেটে ফেলার বিভিন্ন সরঞ্জাম।পুলিশ সূত্রে জানা গেছে, ১২ মে ২০২৬ গভীর রাতে সুরাটশিংপুর গ্রামের বাসিন্দা সুজয় মুর্মু লিখিত অভিযোগ দায়ের করেন।অভিযোগে তিনি জানান,গত ৯ মে সন্ধ্যায় কেশবপুর কালীমন্দিরে কালীপুজো তিনি উপলক্ষে যান এবং মন্দিরের সামনে তার হিরো হোন্ডা সুপার স্প্লেন্ডার মোটরসাইকেলটি রেখে পুজো দেখতে যান।পরে রাত সাড়ে সাতটা নাগাদ ফিরে



(এরপর দুয়ের পাতায়)



হকার উচ্ছেদের প্রতিবাদে বাম শ্রমিক সংগঠন সিটুর ডাকে শিয়ালদহে রেল হকার সমাবেশ।

## অনুমতি ছাড়া সংবাদ মাধ্যমের সামনে মুখ খুলতে পারবেন না সরকারি কর্মচারীরা

নিজস্ব প্রতিবেদন - মিডিয়ার সামনে আর মুখ খুলতে পারবেন না সরকারি কর্মচারীরা।সরকারের কাজের বা নীতির সমালোচনা করে তারা কোনো মতামত প্রকাশ করতে পারবেন না।কোনো বিষয়ে বক্তব্য রাখতে গেলে সরকারের আগাম অনুমতি নিতে হবে বলে রাজ্য সরকারের পক্ষ থেকে সার্কুলার জারি করা হয়েছে।রাজ্যের মুখ্যসচিব মনোজ আগরওয়াল - এর জারি করা নির্দেশিকাটি রাজ্যের সমস্ত দফতর, কমিশনার,জেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের কাছে পাঠানো হয়েছে।নির্দেশ দেওয়া হয়েছে,এই সার্কুলার অধীনস্থ সমস্ত অফিসে দ্রুত প্রচার করতে হবে এবং কঠোর ভাবে কার্যকর করতে হবে।নতুন নির্দেশিকা অনুযায়ী,আইএএস,ডব্লিউবিসিএস, পশ্চিমবঙ্গ পুলিশ সার্ভিসের আধিকারিকদের পাশাপাশি রাজ্যের

(এরপর দুয়ের পাতায়)



পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে জেলা শাসকের অফিস চত্বরে অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির।প্রথম রক্তদান করে শিবিরের উদ্বোধন করলেন পূর্ব বর্ধমানের জেলা শাসক শ্বেতা আগরওয়াল।



জামালপুর বিধানসভা এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে সোমবার জামালপুরের বিডিও পার্থ সারথি দে'র সঙ্গে বৈঠক করলেন জামালপুরের বিধায়ক অরুণ হালদার।



দুর্নীতির শিকড় পর্যন্ত পৌঁছাতে পঞ্চায়েতে এবার স্পেশাল অডিট করানো হবে বলে হুঁশিয়ারি দিলেন পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ। অভিযোগ প্রমাণিত হলে প্রধান থেকে বিডিও, কাউকে রেয়াত করা হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

# খবর সোজাসুজি

Volume-3 ● Issue- 24 ● 30 May, 2026


## নীল বাতি গাড়ির রমরমা

রাস্তায় এখন নীল বাতি গাড়ির ছড়াছড়ি।সবাই ভিআইপি হতে চায়।যিনি যোগ্য নন তিনিও গাড়িতে নীল বাতি লাগিয়ে ঘুরছেন।কয়েক বছর আগে লাল-নীল বাতির অপব্যবহার নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিল সুপ্রীম কোর্ট ও হাইকোর্ট।আর তারপরেই লাল,নীল বাতির অপব্যবহার রুখতে কড়া পদক্ষেপ নেয় নবান্ন।কারা গাড়িতে লাল,নীল বাতি ব্যবহার করতে পারবেন সে বিষয়ে জারি করা হয় নির্দেশকা।বিগত রাজ্য সরকারের ২৩ জুলাই,২০২১ জারি করা নির্দেশিকা অনুযায়ী,রাজ্যের মুখ্যমন্ত্রী সহ অন্যান্য মন্ত্রী,প্রতিমন্ত্রী, মুখ্যসচিব,অতিরিক্ত মুখ্যসচিব,প্রধান সচিব,ডিভিশনাল কমিশনার, রাজ্য পুলিশের ডিজি,ডিজি দমকল,পুলিশের আইজি ও ডিআইজি, জেলার পুলিশ সুপার,জেলা শাসক,আয়কর ও শুল্ক দফতরের কমিশনার,মিউনিসিপ্যাল কমিশনার,পুলিশ কমিশনার, অতিরিক্ত পুলিশ কমিশনার,জয়েন্ট পুলিশ কমিশনার,ডেপুটি পুলিশ কমিশনার, পুলিশ পেট্রোল গাড়ি,এসডিও এবং এসডিপিও'রা গাড়িতে নীল বাতি ব্যবহার করতে পারেন।এই তালিকায় কিন্তু বিডিও'দের কথা কোথাও বলা নেই।তা সত্ত্বেও সরকারি নির্দেশিকাকে অমান্য করে অনেক বিডিও ভিআইপি সেজে নীলবাতি লাগানো গাড়ি চেপে ঘুরে বেড়াচ্ছেন বলে অভিযোগ।সব দেখে শুনেও চুপ পুলিশ প্রশাসনের উচ্চ পদস্থ কর্মকর্তারা।আইনের রক্ষকরাই এখন ভাঙছেন আইন।কিন্তু আইন তো সবার জন্য সমান।তাই বেআইনি ভাবে নীল বাতি লাগানো গাড়ির রমরমা কমাতে অবিলম্বে কড়া পদক্ষেপ গ্রহণ করুক রাজ্যের নবনির্বাচিত বিজেপি সরকার।প্রয়োজনে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করে আবারও স্পষ্ট ভাবে জানিয়ে দিক কারা নীল বাতি লাগানো গাড়ি ব্যবহার করতে পারবেন,আর কারা নীল বাতি লাগানো গাড়ি ব্যবহার করতে পারবেন না।অবিলম্বে বন্ধ হোক বেআইনি নীল বাতি গাড়ির রমরমা।

## বন্ধ হোক মাটি মাফিয়াদের দৌরাত্ম্য

মাটি মাফিয়াদের দৌরাত্ম্য বন্ধ করতে এবার থেকে কোথাও মাটি কাটার অনুমতি দেওয়া হলে সেখানে বিএলআরও অফিস থেকে বোর্ডে সরকারি অনুমতি পত্র টাঙিয়ে দেওয়া হোক।তাহলে জনগণ বুঝতে পারবে বৈধ ভাবে মাটি কাটা হচ্ছে,না অবৈধভাবে মাটি কাটা হচ্ছে, মাটি পরিবহনের সরকারি অনুমতি আছে না নেই।জনগণেরও তো জানার অধিকার আছে বৈধ ভাবে মাটি কাটা হচ্ছে না অবৈধভাবে মাটি কাটা হচ্ছে।পরিবেশের ভারসাম্য ও জীব বৈচিত্র্য রক্ষা করতে কোথাও অবৈধভাবে মাটি কাটা হলে কড়া পদক্ষেপ গ্রহণ করুক পুলিশ প্রশাসন।বেআইনিভাবে চাষযোগ্য জমির মাটি বিক্রি বন্ধ হোক,পুকুর সংস্কারের নামে পুকুরের মাটি বিক্রি বন্ধ হোক,পুকুর পাড়েই পড়ুক পুকুরের মাটি।বন্ধ হোক মাটি মাফিয়াদের দৌরাত্ম্য।

## (প্রথম পাতার পর) ধনেখালিতে অবৈধ নির্মাণের অভিযোগ

১৭ নং রাস্তার দিকে পুকুরের রেকর্ডেড পাড় না থাকা সত্ত্বেও যখন এই পুকুরটির একাংশ বোজানোর অভিযোগ উঠেছিল তখনও আমরা খবর করেছিলাম।খবর প্রকাশিত হওয়ার পর ব্লক প্রশাসন থেকে করা হয়েছিল তদন্ত,বন্ধ হয়েছিল পুকুর বোজানোর কাজ।কিন্তু পুকুরের বুজিয়ে ফেলা অংশ থেকে মাটি তুলে ফেলে পুকুরটিকে আগের অবস্থায় ফিরিয়ে দেওয়া হয় নি বলে অভিযোগ।আর তারপর কেটে গেছে বেশ কয়েক মাস।এখন আবার পুকুরের বোজানো অংশ থেকে পিলার তুলে নির্মাণ কাজ চলছে বলে অভিযোগ।পিচ রাস্তা থেকে দু'তিন ফুট জায়গা ছেড়ে ইট দিয়ে জায়গাটা আবার ঘিরে রাখা হয়েছে বলে অভিযোগ।যদিও পিচ রাস্তা থেকে পুকুরের মধ্যে প্রায় ৭০/৮০ ফুট জায়গা পিডব্লুডি'র বলে স্থানীয় সূত্রে জানা গেছে।নজর নেই পিডব্লুডি কর্তৃপক্ষের।সব দেখে শুনেও হাত গুটিয়ে বসে আছে প্রশাসন।ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।দশঘরাবাসীর প্রশ্ন,কাদের মদতে চলছে এইসব বেআইনি কাজ ? পিডব্লুডি'র জায়গায় এই বেআইনি নির্মাণের বিরুদ্ধে কবে ব্যবস্থা নেবে প্রশাসন ? রাজ্যে পালাবদলের পর বেআইনি নির্মাণ ভাঙতে রাজ্যের বিভিন্ন জায়গায় চলছে বুলডোজার।বেআইনি নির্মাণ ভাঙতে দশঘরাতেও চলুক বুলডোজার,চাইছেন এলাকার মানুষজন।

## উলুক ভুলুক

### সুব্রত মিত্র রানা

ডেকে আমায় বললে লালু
হতেও পারে হিল্লে আলুর
তোমার মত কি ?

যত মত তত পথ,বিধান সভায়
ছুটছে রথ ,,,
দেখনা হয় কি

চুলুক বুলুক সাপটা সুলুক
আলু চাষির কপাল খুলুক
ফিরুক টিরুক তাহার হাল

গরম ভাতে চরম ডাল

## ভোট পরবর্তী হিংসার ঘটনায় ধৃত তৃণমূল অঞ্চল যুব সভাপতি সহ ৬

নিজস্বপ্রতিবেদন - ২০২১ ভোট পরবর্তী হিংসার ঘটনায় বড় সাফল্য পেল ধনেখালি থানার পুলিশ।বাড়ি ও দোকান ভাঙচুর,মারধর এবং খুনের চেষ্টার অভিযোগে ৬ অভিযুক্ত তৃণমূল কর্মীকে গ্রেফতার করল ধনেখালি থানার পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে,ব্যাসপুর গ্রামের বাসিন্দা অজিত সিংহ রায় ২০ মে,২০২৬ ধনেখালি থানায় ৮ জনের নামে লিখিত অভিযোগ দায়ের করেন।অভিযুক্তদের মধ্যে সোমসপুর ২ নং অঞ্চল তৃণমূল কংগ্রেস সভাপতি মানিক মল্লিক এবং দশঘরা ১ নং অঞ্চল যুব তৃণমূল কংগ্রেস সভাপতি বিমল বাগের নামও আছে।অভিযুক্তের তালিকায় আছে ব্যাসপুর ৯৭ নং বুথের তৃণমূল বুথ সভাপতি নারান মাঝির নাম।অভিযোগে তিনি জানান,২০২১ সালের বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই ব্যাসপুরের বিমল বাগ ওরফে বিমল,নির্মলেন্দু বাগ ওরফে নিমু,অমলেন্দু বাগ ওরফে আমলু,নারান মাঝি,অসীম মাঝি ওরফে বাটুল এবং হাজিপুরের মানিক মল্লিক,কাঁকড়াখুলির রাজা পাকিড়া এবং কানানদী তালতলার মনসা দুলে তাঁর উপর একাধিকবার হামলা চালায়।২ মে তাঁর বাড়িতে ঢুকে গৃহস্থালির জিনিসপত্র ভাঙচুর করা হয়।পরদিন তাঁর দোকানেও হামলা চালিয়ে ভাঙচুরের অভিযোগ ওঠে।অভিযোগ অনুযায়ী,৪ মে অভিযুক্তরা তাঁকে মারধর করে এবং ১১ জুন লোহার রড দিয়ে হামলা চালিয়ে খুনের চেষ্টা করা হয়।ওই ঘটনায় তাঁর কানে গুরুতর আঘাত লাগে।পরে চিকিৎসকের কাছে চিকিৎসাও করাতে হয় তাঁকে।ঘটনার ভিত্তিতে ধনেখালি থানায় ভারতীয় দণ্ডবিধির ১৪৭, ১৪৮, ৪২৭, ৩২৩, ৩২৫, ৩২৬, ৩০৭, ৫০৪, ৫০৬



এবং ৩৪ ধারায় মামলা দায়ের করা হয়েছে,কেস নং ১৪২/২৬,তাং ২০.০৫.২০২৬।তদন্তে নেমে পুলিশ অভিযান চালিয়ে এফআইআরে নাম থাকা ৬ অভিযুক্তকে গ্রেফতার করে।ধৃতরা হলেন বিমলেন্দু বাগ ওরফে বিমল,নির্মলেন্দু বাগ ওরফে নিমু, অমলেন্দু বাগ ওরফে আমলু,নারান মাঝি,অসীম মাঝি ওরফে বাটুল এবং মনসা দুলে।ধৃতদের ২১ মে বৃহস্পতিবার চুঁচুড়া আদালতে পেশ করা হয় এবং পরবর্তীতে বিচারক তাদের জামিন মঞ্জুর করেন বলে জানা গেছে।আরও দুই অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

## ভোট পরবর্তী হিংসার ঘটনায় আকিলপুর থেকে ৩ জন তৃণমূল কর্মীকে গ্রেফতার করল ধনেখালি থানার পুলিশ

নিজস্ব প্রতিবেদন - ২০২১ সালের বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর ধনেখালির আকিলপুরে ঘটে যাওয়া রাজনৈতিক হিংসার ঘটনায় জড়িত থাকার অভিযোগে ৩ জনকে গ্রেফতার করল ধনেখালি থানার পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে,১৮ মে ২০২৬ তারিখে একটি লিখিত অভিযোগের ভিত্তিতে ধনেখালি থানায় মামলা রুজু হয়।অভিযোগে বলা হয়,২০২১ সালের ৩ মে পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর আকিলপুরগ্রামে অভিযোগকারীর বাড়িতে



চড়াও হয় একদল দুষ্কৃতী।তারা বাড়িতে জোর করে ঢুকে ভাঙচুর চালায়,অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও প্রাণনাশের হুমকি দেয়।অভিযোগকারীকে মারধরের পাশাপাশি তাঁর বৃদ্ধ মায়ের শ্লীলতাহানিও করা হয় বলে অভিযোগ।ঘটনার তদন্তে নেমে তদন্তকারী অফিসার এএসআই রামজয় ঘোষ তিনজন অভিযুক্তকে গ্রেফতার করেন।ধৃতরা হল অভিমন্যু রায় ওরফে বিলু(৪৮), সুশান্ত রায় ওরফে কচি বুড়ো (৪৭) এবং সাহেব সরকার (৩৬)।এদের সকলের বাড়ি ধনেখালির আকিলপুরগ্রামে।পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের মধ্যে সুশান্ত রায় তৃণমূল কংগ্রেসের বুথ সদস্য এবং সাহেব সরকার তৃণমূল যুব সংগঠনের বুথ সভাপতির দায়িত্বে ছিলেন।পুলিশ জানিয়েছে,ঘটনার সঙ্গে জড়িত অন্য কেউ রয়েছে কি না,তা খতিয়ে দেখা হচ্ছে।মামলার তদন্ত চলছে।

## (প্রথম পাতার পর) অনুমতি ছাড়া সংবাদ মাধ্যমের সামনে মুখ খুলতে পারবেন না

অন্যান্য সরকারি কর্মচারী,জেল কর্মী, বোর্ড,পুরসভা,পুর নিগম এবং পশ্চিমবঙ্গ সরকার নিয়ন্ত্রিত সংস্থার কর্মীদের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে।বিজ্ঞপ্তিতে স্পষ্ট বলা হয়েছে, সরকারের পূর্ব অনুমতি ছাড়া কোনও সরকারি কর্মচারী কোনও মিডিয়া প্রোগ্রামে অংশ নিতে পারবেন না।এমনকি বেসরকারি ভাবে তৈরি বা স্পনসরড অনুষ্ঠানেও যোগদানের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন বাধ্যতামূলক করা হয়েছে।এছাড়াও সংবাদমাধ্যমের কাছে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে কোনও সরকারি তথ্য, নথি বা প্রশাসনিক কাগজপত্র তুলে দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।সরকারের অনুমতি ছাড়া কোনও কর্মচারী সংবাদপত্র বা সাময়িকীতে লেখালেখি করতে পারবেন না,কোনও পত্রিকা সম্পাদনা বা পরিচালনার সঙ্গেও যুক্ত থাকতে পারবেন না।রেডিও বা অন্য সম্প্রচার মাধ্যমে বক্তব্য পেশের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল,সরকারি কর্মচারীরা কেন্দ্র বা রাজ্য সরকারের নীতি ও সিদ্ধান্তের বিরুদ্ধে প্রকাশ্যে বিরূপ মন্তব্য বা সমালোচনা করতেও পারবেন না বলে নির্দেশিকায় বলা হয়েছে।কেন্দ্র-রাজ্য সম্পর্ক বা বিদেশি রাষ্ট্রের সঙ্গে ভারতের সম্পর্কের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে এমন কোনো মন্তব্য করা যাবে না বলেও নির্দেশিকায় স্পষ্ট ভাবে জানিয়ে দেওয়া হয়েছে।প্রশাসনিক মহলের একাংশের মতে,এই নির্দেশিকার মাধ্যমে সরকারি কর্মচারীদের জনসমক্ষে মত প্রকাশের ক্ষেত্র আরও সীমাবদ্ধ করা হল।যদিও সরকারের একাংশের দাবি,প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখা এবং সরকারি তথ্যের অপব্যবহার রুখতেই এই পদক্ষেপ করা হয়েছে।রাজ্য প্রশাসনের তরফে জানানো হয়েছে,সংশ্লিষ্ট আচরণবিধি কঠোর ভাবে মানা হচ্ছে কি না,তা নিয়মিত পর্যবেক্ষণ করা হবে।কোনও সরকারি কর্মচারী এই নির্দেশিকা অমান্য করলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হতে পারে।রাজ্য সরকারের নির্দেশিকা ঘিরে ইতিমধ্যেই শুরু হয়েছে বিতর্ক।বির্তকের মাঝে চব্বিশ ঘণ্টা কাটতে না কাটতেই ২১ মে বৃহস্পতিবার নতুন নির্দেশিকা জারি করে ২০ মে বুধবার জারি করা নির্দেশিকার ব্যাখ্যা দিল নবান্ন।নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী শুধুমাত্র রাজ্য সরকারের নিয়মিত দফতরগুলির আধিকারিক ও কর্মচারীদের ক্ষেত্রেই এই নির্দেশিকা প্রযোজ্য হবে। পাশাপাশি পশ্চিমবঙ্গ সরকার নিয়ন্ত্রিত বোর্ড, পুরসভা,পুরনিগম,রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং অন্য প্যারাস্ট্যাটল সংস্থার কর্মীরাও এই নির্দেশিকার আওতায় থাকবেন বলে স্পষ্ট ভাবে জানানো হয়েছে।

## (প্রথম পাতার পর) মোটরসাইকেল চুরি চক্রের পর্দা ফাঁস করল

এসে দেখেন তাঁর মোটরসাইকেলটি চুরি হয়ে গিয়েছে।ঘটনার ভিত্তিতে ধনেখালি থানায় ভারতীয় ন্যায় সংহিতার ৩০৩(২) ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু হয়।তদন্তে নেমে ১২ মে দুই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।ধৃতরা হল প্রকাশ মেটে (২২) ও রহিত সাহানি (১৯)।পরে ১৩ মে আরও দুইজনকে গ্রেফতার করা হয়।তারা হল শেখ রাহুল (১৯) এবং সেখ রিয়াজ আলি (৩১)।সকলের বাড়ি ধনেখালি থানা এলাকাতেই।পুলিশের দাবি,রিয়াজ আলি একটি স্ক্র্যাপ দোকানের মালিক এবং চুরি হওয়া বাইক কেটে বিক্রির সঙ্গে জড়িত ছিল।তদন্তকারীদের অনুমান, একটি বড় মোটরসাইকেল চুরি চক্র এই ঘটনার সঙ্গে যুক্ত রয়েছে।পুলিশের অভিযানে উদ্ধার হয়েছে ৯টি মোটরসাইকেল, বিভিন্ন স্পেয়ার পার্টস এবং বাইক কাটার কাজে ব্যবহৃত একাধিক সরঞ্জাম।ঘটনার তদন্তে নেমে আরও কেউ জড়িত রয়েছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

# ডিজে'র বিরুদ্ধে কড়া বার্তা পুলিশের

নিজস্ব প্রতিবেদন - বাজানো যাবে না ডিজে,সাউন্ড বক্স বাজানোর আগে নিতে হবে ভাবে জানিয়ে দেওয়া হয়।শব্দ দূষণ কমাতে সকলকেই মেনে চলতে হবে সরকারি



পুলিশের পারমিশন,সম্প্রতি ধনিয়াখালি থানায় সাউন্ড বক্স মালিকদের সঙ্গে সমন্বয় বৈঠকে স্পষ্ট ভাবে জানিয়ে দিলেন পুলিশ কর্তারা।সরকারি নির্দেশ অমান্য করলে কড়া শাস্তির মুখোমুখি হতে হবে সাউন্ড বক্স মালিকদের,সে কথাও স্পষ্ট নির্দেশ।এদিনের এই বৈঠকে উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশের ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী,ধনিয়াখালির সিআই রামগোপাল পাল, ধনিয়াখালি থানার ওসি গৌরাঙ্গ দে সহ অন্যান্য পুলিশ আধিকারিকবৃন্দ।

# খুনের ঘটনায় বড়সড় সাফল্য পেল তারকেশ্বর থানার পুলিশ,গ্রেফতার ৫

নিজস্ব সংবাদদাতা - হুগলির তারকেশ্বরে খুনের ঘটনায় বড় সাফল্য পেল পুলিশ।প্রায় তিন মাসের তদন্তের পর যৌথ অভিযানে গ্রেফতার করা হল ৫ অভিযুক্তকে।ধৃতদের মধ্যে রয়েছেন তৃণমূল কংগ্রেসের এক বুথ সভাপতি এবং এক গ্রাম পঞ্চায়েত সদস্যের স্বামী।পুলিশ সূত্রে জানা গেছে,গত ১৩ ফেব্রুয়ারি ২০২৬ সন্ধ্যায় তারকেশ্বর থানায় তেঘরি গ্রামের বাসিন্দা সুজিত কুমার বেরা একটি লিখিত অভিযোগ দায়ের করেন।অভিযোগে তিনি জানান, সেদিন সন্ধ্যা ছ'টা নাগাদ তিনি তাঁর ভাই শিশির বেরার বাড়িতে গিয়ে দেখেন, বাড়ির উঠোনে রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছেন শিশির।স্থানীয়দের সহায়তায় তাঁকে তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। মৃত ব্যক্তি দীর্ঘদিন মানসিক সমস্যায় ভুগছিলেন বলেও জানা যায়।ঘটনার পর অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীদের বিরুদ্ধে খুনের মামলা রুজু করে তদন্ত শুরু করে তারকেশ্বর থানার পুলিশ।তদন্ত চলাকালীন পুলিশ একাধিক সাক্ষীর বয়ান সংগ্রহ করে এবং প্রযুক্তিগত তথ্যপ্রমাণ খতিয়ে দেখে। অবশেষে গোপন সূত্রে খবর ও প্রযুক্তিগত নজরদারির ভিত্তিতে মঙ্গলবার গভীর রাতে যৌথ অভিযান চালায় তারকেশ্বর থানার পুলিশ এবং হুগলি গ্রামীণ পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ। তিনটি পৃথক দলে বিভক্ত হয়ে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৫ জনকে গ্রেফতার করা হয়।ধৃতরা হল অমিত দাস ওরফে কুমির (২২), সচিন অধিকারী (২১), অরূপ কুমার বাগ (৪৯), সুকুমার কোলে ওরফে ম্যান্ডেলা (৪৩) এবং মঙ্গল পাত্র (৪১)।এদের মধ্যে অরূপ কুমার বাগ তৃণমূল কংগ্রেসের তারকেশ্বর বিধানসভার ১৮৫ নম্বর বুথের বুথ সভাপতি বলে জানা গিয়েছে।এছাড়া মঙ্গল পাত্র সন্তোষপুর গ্রাম পঞ্চায়েতের এক সদস্যের স্বামী।পুলিশের দাবি, ধৃতরা জেরায় নিজেদের অপরাধের কথা স্বীকার করেছে।ঘটনার সঙ্গে জড়িত বাকি অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।



পুনর্বাসন ছাড়া হকার উচ্ছেদের বিরুদ্ধে মীনাক্ষী মুখার্জী'র নেতৃত্বে ব্যান্ডেলে সিটুর বিক্ষোভ মিছিল,মিছিলের পথ আটকাতেই মীনাক্ষীর সঙ্গে তুমুল বচসা পুলিশের।

# অর্থ তছরুপের ঘটনায় ধৃত তৃণমূল পঞ্চায়েত প্রধান

নিজস্ব সংবাদদাতা - হুগলির গোঘাটের তৃণমূল কংগ্রেস



পরিচালিত কামারপুকুর পঞ্চায়েতের প্রধান রাজদীপ দে ওরফে বুম্বাকে অর্থ তছরুপের অভিযোগে কোমরে দড়ি বেঁধে আদালতে নিয়ে গেল পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে,গোঘাটের শ্রীপুর গ্রামের বাসিন্দা রাজদীপ দে ওরফে বুম্বা এবং কৌশিক মণ্ডল ওরফে মন্টু-সহ আরও তিনজন মিলে দীর্ঘদিন ধরে একাধিক বেআইনি কর্মকাণ্ডে জড়িত ছিলেন বলে অভিযোগ।অভিযুক্তরা তোলাবাজি,সরকারি তহবিল ও সম্পত্তি আত্মসাৎ,স্বনির্ভর গোষ্ঠীর প্রায় ৭০ লক্ষ টাকা তছরুপ,ভোট-পরবর্তী সময়ে সাধারণ মানুষের উপর হামলা, বাড়িঘর ভাঙচুর,ভয় দেখানো এবং জাল নথি তৈরি করে অপরাধমূলক ষড়যন্ত্রের মাধ্যমে বেআইনি ভাবে অর্থ উপার্জনের মতো গুরুতর অপরাধে জড়িত বলে অভিযোগ।পুলিশ সূত্রে আরও জানা গেছে,গ্রেফতার হওয়া রাজদীপ দে ওরফে বুম্বা বর্তমানে কামারপুকুর গ্রাম পঞ্চায়েতের প্রধান পদে রয়েছেন।অভিযোগের ভিত্তিতে আইন অনুযায়ী নির্দিষ্ট মামলা রুজু করে তাকে গ্রেফতার করা হয়েছে।বাকি অভিযুক্তদের খোঁজেও তল্লাশি চালাচ্ছে পুলিশ।ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। যদিও তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন বুম্বা।তার দাবি,তৃণমূল করার জন্য রাজনৈতিক ষড়যন্ত্র করে মিথ্যা কেস দিয়ে তাকে ফাঁসানো হয়েছে।ঘটনাকে ঘিরে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়



নারী নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং অসামাজিক কার্যকলাপ রুখতে সুগন্ধ্যা গ্রাম পঞ্চায়েতের জারুরা গ্রামে রাস্তার পাশে টালির ছাউনি ইটের পিলার দিয়ে বেআইনিভাবে নির্মিত বাঁশের মাচা ভেঙে গুঁড়িয়ে দিল পোলবা থানার পুলিশ।



গ্রীণ সিটি ফ্রড কেসে অভিযুক্ত আরামবাগ পৌরসভার তৎকালীন সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার মানস কুন্ডু, আরামবাগ পৌরসভার ইলেকট্রিক সুপারভাইজার কৌস্তভ মুখোপাধ্যায় এবং পি এন্ড টি কনস্ট্রাকশনের মালিক স্বরভানু ঘোষকে গ্রেফতার করলো আরামবাগ থানার পুলিশ।ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# কবি প্রণাম

নিজস্ব প্রতিবেদন - মনিমালার কবিতা কুটির - এর উদ্যোগে



খোলা আকাশের নিচে গাছগাছালির মধ্যে ছায়া নিবিড় ঘরোয়া মনোরম পরিবেশে সম্প্রতি গুড়াপে অনুষ্ঠিত হল কবি প্রণাম।উপস্থিত ছিলেন খবর সোজাসুজি পত্রিকার সম্পাদক ইসরাইল মল্লিক,বিশিষ্ট গিটার প্রশিক্ষক অজিত আদক,বিশিষ্ট শিক্ষক পার্থ পাল,বিশিষ্ট নৃত্যশিল্পী বুবুন ঘোষাল সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কবিতা কুটিরের প্রশিক্ষক মণিমালা চ্যাটার্জী।

# দু:সাহসিক চুরির ঘটনায় বড়সড় সাফল্য পেল মালদা জেলা পুলিশ

নিজস্ব সংবাদদাতা - মালদার ইংলিশ বাজারে দুঃসাহসিক



চুরির ঘটনায় বড় সাফল্য পেল পুলিশ।চুরির মামলায় এক অভিযুক্তকে গ্রেফতার করে বিপুল পরিমাণ সোনার গয়না ও নগদ টাকা উদ্ধার করেছে ইংলিশ বাজার থানার পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে, গত ১৮ মে অনিতা মিশ্র নামে এক গৃহবধূ ইংলিশ বাজার থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।অভিযোগে তিনি জানান, মহেশমতীর সতরূপা অ্যাপার্টমেন্টে তাঁর বাড়িতে ভোর সাড়ে পাঁচটা নাগাদ অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা চুরি করে।দুষ্কৃতীরা বাড়ি থেকে সোনার গয়না ও নগদ ১ লক্ষ টাকা নিয়ে পালিয়ে যায়।ঘটনার ভিত্তিতে ইংলিশ বাজার থানায় ৮০০/২০২৬ নম্বর মামলা রুজু হয় ভারতীয় ন্যায় সংহিতার ৩০৫ ধারায়।তদন্তভার গ্রহণ করেন এএসআই আজমল হোসেন।তদন্তে নেমে পুলিশ বিষু হালদার (২৫) নামে এক যুবককে গ্রেফতার করে।ধৃতের বাড়ি পুরাতুলি সদরঘাট এলাকায়।পুলিশি জেরায় ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে একাধিক সোনার রঙের চেন,বালা,কানের দুল,আংটি ও নাকছাবি।পাশাপাশি উদ্ধার হয়েছে নগদ ৫৮ হাজার ৩৯০ টাকা।উদ্ধার হওয়া নগদের মধ্যে ছিল ৫০০ টাকার ৭৮টি নোট,২০০ টাকার ৯০টি নোট, ২০ টাকার ২০টি নোট এবং ১০ টাকার ৯৯টি নোট।পুলিশ সমস্ত উদ্ধার সামগ্রী বাজেয়াপ্ত করেছে।গোটা ঘটনার তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।



হারিয়ে যাওয়া ২৫ টি মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিল পোলবা থানার পুলিশ।



হারিয়ে যাওয়া ৪০ টি মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিল ধনিয়াখালি থানার পুলিশ।



ধনেখালিতে অনুষ্ঠিত হল বিজেপির বিজয় মিছিল।



কেতুগ্রামের রাইখা এলাকায় অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্র সহ ৩ জনকে গ্রেফতার করল কেতুগ্রাম থানার পুলিশ।

# গুড়াপ থানার উদ্যোগে রক্তদান শিবির ও সামার কিট বিতরণ

নিজস্ব প্রতিবেদন - হুগলি গ্রামীণ পুলিশের গুড়াপ থানার উদ্যোগে শুক্রবার গুড়াপ থানা প্রাঙ্গণে




অনুষ্ঠিত হল রক্তদান শিবির।রক্তদান করেন মোট ৪০ জন। রক্তদাতাদের মধ্যে ছিলেন গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত সহ অন্যান্য পুলিশ কর্মী,সিভিক ভলেন্টিয়ার ও টিএইচজি।এদিনের অনুষ্ঠান থেকে ট্রাফিকে কর্মরত সিভিক ভলেন্টিয়ার এবং পুলিশ কর্মীদের হাতে সামার কিট তুলে দেওয়া হয়।এছাড়াও বানসাল চ্যারিটেবেল ট্রাস্টের পক্ষ থেকে মৃতদেহ বহনের জন্য একটি গাড়ি গুড়াপ থানাকে দেওয়া হয়।এদিনের এই মহতী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশের এসপি কুমার সানি রাজ, হুগলি গ্রামীণ পুলিশের ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী, ধনেখালির সিআই রামগোপাল পাল,গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত,পোলবা থানার ওসি অনিল রাজ,ধনেখালি থানার ওসি গৌরাঙ্গ দে সহ অন্যান্য পুলিশ আধিকারিকবৃন্দ।



ধনেখালি বিধানসভার খানপুরে বিজেপির বিজয় মিছিল।



২০২১ ভোট পরবর্তী হিংসার ঘটনায় জড়িত থাকার অভিযোগে নেদামপুর থেকে রাজু ধারা,সম্রাট মালিক এবং রবিন বাগ নামে ৩ জন তৃণমূল কর্মীকে গ্রেফতার করল গুড়াপ থানার পুলিশ।ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে পুলিশ।



অবৈধভাবে অ্যাম্বুলেন্সে করে ছাগল পরিবহনের অভিযোগে গত শনিবার ৩ জনকে গ্রেফতার করল দাদপুর থানার পুলিশ।অভিযুক্তদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে পুলিশ।

# শ্লীলতাহানির অভিযোগে সাটিথানে গ্রেফতার তৃণমূলের পঞ্চায়েত সদস্য

নিজস্ব প্রতিবেদন - জমি জবর দখল,খুনের চেষ্টা ও



শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার সাটিথান পঞ্চায়েতের তৃণমূল সদস্য কাশীনাথ ঘোষ।পুলিশ সূত্রে জানা গেছে, জমি জবর দখলের চেষ্টা, শারীরিক নির্যাতন,খুনের চেষ্টা এবং শ্লীলতাহানির অভিযোগ সংক্রান্ত একটি অভিযোগের ভিত্তিতে দাদপুর থানায় ২০.০৫.২০২৬ তারিখে একটি নির্দিষ্ট মামলা রুজু করা হয়েছে,দাদপুর থানার কেস নং, ১৫৫/২৬, তারিখ, ২০.০৫.২০২৬ এবং ভারতীয় ন্যায় সংহিতা (বিএনএস)-এর ধারা ৩৩১/৩২৯(৩)/১১৫(২)/১১৭(২)/৩০৩(২)/৭৬/১০৯/৩(৫)।ঘটনার তদন্ত চলাকালীন দাদপুর থানার পুলিশ এফআইআর-এ নাম উল্লেখ থাকা দিঘাগড়ির বাসিন্দা অভিযুক্ত কাশীনাথ ঘোষকে গ্রেফতার করে।অভিযুক্ত বর্তমানে ধনেখালি বিধানসভার দাদপুর থানার সাটিথান পঞ্চায়েতের অন্তর্গত ডুমুরপুরগ্রামের তৃণমূল কংগ্রেসের গ্রাম সদস্য।

## এক নজরে

(প্রথম পাতার পর)

● লুডো বিতরণ করে ভোট হয় ? ”, বিধানসভা নির্বাচনে তৃণমূলের ভরাডুবি প্রসঙ্গে বিস্ফোরক মন্তব্য করলেন তৃণমূল সাংসদ কাকলি ঘোষ দস্তিদার।

● ফলতায় বিজেপি বিপুল ভোটে জয়ী হবার পরেই নাম না করে অভিষেককে নিশানা করে ‘বাঘের ছাল পরিহিত বেড়াল’ বলে তীব্র কটাক্ষ করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● ফলতায় লক্ষাধিক ভোটে জয়ী বিজেপি।চার নম্বরে নেমে গেল তৃণমূল।দ্বিতীয় স্থানে উঠে এল সিপিএম।

● তারকেশ্বর থেকে মশাগ্রাম এবং তারকেশ্বর থেকে ধনেখালি হয়ে মগরা পর্যন্ত আবারও চালু হতে পারে রেলপথ।চলছে জোর জল্পনা।চিন্তা বাড়ছে বিপিআর লাইনে বসবাসকারী ব্যক্তিদের।

● সংবাদপত্র সংবাদপত্র'ই।ছোট পত্রিকা,বড় পত্রিকা বলে পার্থক্য করে লাভ নেই।ছোট পত্রিকা বলে কাউকে তুচ্ছ তাচ্ছিল্য করবেন না।মনে রাখবেন,কাঁটা ছোটো হলেও ব্যথা দেবার ক্ষমতা রাখে।

● বেআইনিভাবে পরিবহন করা গরু আটকেও মহা বিপদে পড়েছে পুলিশ।সরকারি ভাবে থানায় নেই গরু রাখার কোনো জায়গা,নেই গরু দেখভালের লোক।গরু নিয়ে পুলিশ এখন করবে কি ?

● এখন তো অফলাইন ক্লাস, অনলাইন নয়।তাহলে তরুণের স্বপ্ন প্রকল্পে স্কুলে এগারো ক্লাসের ছেলে মেয়েদের মোবাইল কেনার জন্য দশ হাজার টাকা করে দেওয়া কতটা যুক্তিযুক্ত ?

● অবৈধভাবে অ্যাম্বুলেন্সে করে ছাগল পরিবহনের অভিযোগে ৩ জনকে গ্রেফতার করল দাদপুর থানার পুলিশ।

● বার বার আবেদন করেও এখনও পর্যন্ত বার্ধক্য ভাতা থেকে বঞ্চিত ষাটোর্ধ্ব অনেক জেনারেল কাস্ট বয়স্ক ব্যক্তি। তাদের এখন চাতক পাখির মতো অবস্থা।

● ধনেখালি এবং জামালপুর ব্লকে পথশ্রী প্রকল্পে নির্মিত রাস্তাঘাটের বেহাল দশা,একদম দাঁত বের করা অবস্থা।পথশ্রী প্রকল্পে রাস্তা নির্মাণে যুক্ত অসাধু কন্টাক্টরদের বিরুদ্ধেও তদন্ত হওয়া প্রয়োজন।

● বালির দাম আকাশছোঁয়া।দিন দিন সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে বালি।অবৈধ বালি খাদান এবং ভাইপো ট্যাক্স বন্ধ হওয়া সত্ত্বেও বালির দাম কমছে না কেন ? উঠছে প্রশ্ন।

● “বিজেপির তৃণমূলীকরণ হবে না,দলে ঋতব্রত পরমব্রতদের জায়গা নেই”, স্পষ্ট জানিয়ে দিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

● অভিষেককে তোলাবাজ বলে তীব্র আক্রমণ করলেন বাদুড়িয়ার প্রাক্তন তৃণমূল বিধায়ক আব্দুর রহিম।

● “মেমারিতে গান্ধী গিরি শেষ।আজ থেকে যোগী গিরি শুরু।বিজেপি কর্মীদের উপর হামলা,কাউকে ছাড়া হবে না”, সোস্যাল মিডিয়ায় পোস্ট করে হুঁশিয়ারি দিলেন মেমারির বিজেপি বিধায়ক মানব গুহ।

● ২০২১ ভোট পরবর্তী হিংসার ঘটনায় যেভাবে ধরপাকড় শুরু হয়েছে তা দেখে অনেকেই এখন বলাবলি করছেন পঞ্চায়েতে স্পেশাল অডিট হলেই শুরু হবে ‘চোর ধরো জেল ভরো’ অভিযান।

● নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম আকাশছোঁয়া,কিন্তু কোল্ড স্টোরে আলুর দাম নেই।পেট্রোল,ডিজেল,গ্যাসের দামও দিন দিন বাড়ছে।ভালো নেই চাষী ও সাধারণ গরিব মধ্যবিত্ত মানুষ।

● সমালোচনা সহ্য করতে শিখুন।সত্যি কথা শুনে তেলে বেগুনে জ্বলে উঠলে হবে না।সংবাদ মাধ্যমকে সংবাদ মাধ্যমের মতো চলতে দিন।লাল চোখ দেখিয়ে লাভ হবে না।কলম চলবে।

● রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতে ধনেখালি বিধানসভা এলাকার তৃণমূল কর্মীদের মিথ্যা কেসে ফাঁসানো হচ্ছে বলে অভিযোগ।

● দুর্নীতির শিকড় পর্যন্ত পৌঁছাতে পঞ্চায়েতে এবার স্পেশাল অডিট করানো হবে বলে হুঁশিয়ারি দিলেন পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ। অভিযোগ প্রমাণিত হলে প্রধান থেকে বিডিও, কাউকে রেয়াত করা হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

● সংরক্ষণ নয়,মেধার ভিত্তিতে চাকরি হোক।যোগ্যরা সুযোগ পাক।সংরক্ষণের জাঁতাকলে মেধাকে চাপা দেওয়া বন্ধ হোক।স্বাধীনতার ৭৯ বছর পরেও সংরক্ষণ কেন ? উঠছে প্রশ্ন।

● ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করল রাজ্য সরকার।আগের তালিকা বাদ দিয়ে ৬৬টি জনগোষ্ঠীকে নিয়ে নতুন ওবিসি তালিকা প্রকাশ করল রাজ্য সরকার।

● ইমাম,মোয়াজ্জেম ও পুরোহিত ভাতা বন্ধের সিদ্ধান্ত রাজ্য সরকারের।

● সরকারি চাকরিতে আবেদনের বয়সসীমা ৫ বছর বাড়ানোর নির্দেশিকা জারি করল রাজ্য সরকার।

● “ডিজে বাজানো বন্ধ করার জন্য মানুষ বিজেপিকে ভোট দিয়েছে।রবীন্দ্র-নজরুল সন্ধ্যাকে ফেরানোর জন্য মানুষ বিজেপিকে ভোট দিয়েছে”,মন্তব্য শমীক ভট্টাচার্যের।

This newspaper is published by Israil Mallick from Vill - Mathurapur,P.O - Shiptai,P.S - Jamalpur,Dist - Purba Bardhaman,Pin - 712308,State - West Bengal on behalf of Israil Mallick, edited by Israil Mallick and printed by Mita Dutta at Barsha offset and Printing Press, Holding no.138/A,5 No. Ichlabad,Palpara, Burdwan,Purba Bardhaman,West Bengal - 713103